গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ।
পোস্ট কোড-৬৭০০
(সাধারণ শাখা)
www.sirajganj.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮৮০০.০০৭.০১৪.২৫.০০১(অংশ-১).১৯ - ১৬৭২ তারিখ: ১২-১২-২০১৯ খ্রি.

ইজারা বিজ্ঞপ্তি

সিরাজগঞ্জ জেলার হার্ডপয়েন্ট এলাকায় বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের অর্থায়নে নির্মিত দু'টি ওয়াশব্লক সুষ্ঠুভাবে ব্যবস্থাপনার স্বার্থে ২০১৯-২০ অর্থ বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে প্রকৃত সেবাদানকারী ব্যক্তি/ঠিকাদারের নিকট হতে সিলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

১। তফসিল "ক" (১ম পর্যায়):

ক্রমিক নং	বিবরণ	বিস্তারিত তথ্য
১	দরপত্র আহ্বানকারী	জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
২	সংগ্রহ/ ক্রয় পদ্ধতি	উন্মুক্ত দরপত্র (OTM) ।
৩	কাজের বিবরণ	**বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের অর্থায়নে নির্মিত দু'টি ওয়াশব্লক সুষ্ঠুভাবে ব্যবস্থাপনা।**
৪	দরপত্র প্রাপ্তি/বিক্রয়ের স্থান	সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ।
৫	দরপত্রের মূল্য	৫০০ (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য)।
৬	দরপত্র বিক্রয়ের তারিখ ও সময়	বিজ্ঞপ্তি প্রকাশের দিন হতে ২৫.১২.২০১৯ খ্রি. পর্যন্ত (সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত)
৭	দরপত্র জমা (বাক্সে) গ্রহণের স্থান	১। জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ।
৮	তারিখ ও সময়	২৬.১২.২০১৯ খ্রি.ও দুপুর ১.০০ টা পর্যন্ত।
	দরপত্র খোলার স্থান, তারিখ ও সময়	অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) এর অফিস কক্ষ, ২৬.১২.২০১৯ খ্রি. বিকাল ৪.০০ টায়। দরদাতা/দরদাতা কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন)।
৯	ইজারার মেয়াদ	০১-০১-২০২০-৩১-১২-২০২০

২। তফসিল "খ" (২য় ও ৩য় পর্যায়):

পর্যায়	দরপত্র বিক্রয়ের স্থান, তারিখ ও সময়	দরপত্র জমা (বাক্সে) গ্রহণের স্থান, তারিখ ও সময়	দরপত্র খোলার স্থান তারিখ ও সময়	মন্তব্য
২য় পর্যায়	তফসিল "ক" এর ৫ নং ক্রমিকে বর্ণিত স্থানসমূহ, ২৭.১২.২০১৯ খ্রি. হতে ৩০.১২.২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন।	সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ ৩১.১২.২০১৯ খ্রি. ও দুপুর ১.০০ টা।	অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) এর অফিস কক্ষ, ৩১.১২.২০১৯ খ্রি. ও বিকাল ৪.০০ টা।	যে পর্যায়ে দরপত্র গৃহীত হবে তার পরবর্তী পর্যায়ের বর্ণিত তফসিল
৩য় পর্যায়	তফসিল "ক" এর ৫ নং ক্রমিকে বর্ণিত স্থানসমূহ, ০১.০১.২০২০ খ্রি. হতে ১০.০১.২০২০ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন।	সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ ১২.০১.২০২০ খ্রি. ও দুপুর ১.০০ টা।	অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) এর অফিস কক্ষ, ১২.০১.২০২০ খ্রি. ও দুপুর ৪.০০ টা।	

১ম দফায় কাঙ্খিত দর পাওয়া না গেলে বা দরপত্র দাখিল না হলে দরপত্র গৃহীত না হওয়া পর্যন্ত একই শর্তের অধীনে অনুরূপভাবে পর্যায়ক্রমে দফাওয়ারী দরপত্র গ্রহণ করা হবে। এ জন্য আলাদাভাবে কোন বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে না।

প্রকাশ থাকে যে, দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্য ও শর্তাবলী জেলা প্রশাসক এবং জেলা তথ্য বাতায়ন : www. sirajganj.gov.bd এর মাধ্যমে জানা যাবে।

০৩। দরপত্রের শর্তাবলীঃ

(ক) ২০১৯-২০২০ অর্থ বছরের দরদাতার ভ্যাট পরিশোধের সনদ, ট্রেড লাইসেন্স, আয়কর পরিশোধের সনদ, আর্থিক স্বচ্ছলতা সংক্রান্ত যে কোন তফসিলি ব্যাংকের সনদ ও জাতীয় পরিচয়পত্রের অনুলিপি (সত্যায়িত) দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(খ) পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউমেন্ট বিধিমালা, ২০০৮ মোতাবেক দরপত্র দাতাকে যোগ্য হতে হবে এবং দরপত্রের শর্তানুযায়ী দরপত্র দাখিল করতে হবে।

(গ) দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্য ও শর্তাবলী জেলা প্রশাসক এবং জেলা তথ্য বাতায়ন www. sirajganj.gov.bd এর মাধ্যমে জানা যাবে।

(ঘ) দরপত্রে দেয় দরের ৫% হারে জামানত বাবদ যে কোন রাষ্ট্রায়ত্ত ব্যাংক হতে ড্রাফট/পে-অর্ডার (জেলা প্রশাসক, সিরাজগঞ্জ এর অনুকূলে) সংগ্রহপূর্বক দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(ঙ) দরপত্রে গৃহীত মোট দরের উপর প্রচলিত হারে ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

চলমান পাতা নং- ০২

১১-১২-১৯

(চ) কর্তৃপক্ষ প্রয়োজনবোধে ওয়াশ ব্লক ব্যবহার করতে পারবেন, তাতে দরদাতার কোন আপত্তি গ্রাহ্য হবে না।

(ছ) দরদাতা কর্তৃক দাখিলকৃত যে কোন কাগজপত্র ভূয়া/জাল প্রমাণিত হলে প্রচলিত আইনে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে এবং দাখিলকৃত জামানত বাবদ অর্থ বাজেয়াপ্ত করা হবে।

(জ) দরপত্র মূল্য ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র (অফেরতযোগ্য) এবং নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন দরপত্র বিক্রয় করা হবে না।

(ঝ) দরপত্রে উল্লিখিত একক মূল্য অংকে ও কথায় এবং মোট মূল্য অংকে ও কথায় স্পষ্টাক্ষরে লিখতে হবে। কোন ঘষামাজা/কাটাকাটি গ্রহণযোগ্য হবে না।

(ঞ) দরপত্র অবশ্যই সিলমোহরকৃত খামে দাখিল করতে হবে।

(ট) সংশ্লিষ্ট কমিটি/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র গৃহীত হওয়ার পর দরদাতাকে দরপত্রের নিয়ম ও শর্তাবলী অনুসরণপূর্বক ওয়াশব্লকটি সরবরাহ করা হবে মর্মে ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা/চুক্তি সম্পাদন করতে হবে।

(ঠ) কোন কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪.১২.২১

(মোঃ ফিরোজ মাহমুদ)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
সিরাজগঞ্জ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জেলা প্রশাসক, সিরাজগঞ্জ
২) নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিরাজগঞ্জ
৩) উপজেলা নির্বাহী অফিসার, সদর, সিরাজগঞ্জ
৪) জেলা তথ্য অফিসার, সিরাজগঞ্জ (তাকে উক্ত দরপত্র বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৫) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ। তাকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৬) নোটিস বোর্ড/, অফিস কপি